

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।



শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২১-৩৭২৮

তারিখঃ- ০৯/১২/২০২১খ্রিঃ।

বিষয়ঃ- সতর্কীকরণ নোটিশ।

- সূত্রঃ- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার কার্যালয়ের পত্র নং- ২২.০১.০০০০.১০১.২৩.০৭৯.২১.৩৪৫৬ তাং- ২৫/১০/২০২১ইং।
২। আপনার গত ২১/১০/২০২১ইং তারিখের আবেদন।
৩। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক এর পত্র নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২১-১১৪ তাং- ১৭/১১/২০২১ইং।

উপর্যুক্ত বিষয়ে আপনার ২ নং সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার কার্যালয়ে সূত্রোক্ত ১ নং সূত্রোক্ত পত্র মূলে ২৭৮৫ পিস পোষা পাখি আমদানীর অনুমতি পান। তৎপ্রেক্ষিতে আপনি টার্কিজ এয়ারওয়েজ দ্বারা সেনেগাল হতে ২০১৫ পিস পোষা পাখি আমদানী করেন। যা গত ০৮/১০/২০২১ইং তারিখে হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকার আমদানী কার্গোতে ১.৩০ ঘটিকায় পৌছে। আপনার আমাদানীকৃত ২০১৫ পিস পাখির মধ্যে ২ প্রজাতির [1. Western Plantain eater (Crinifer piscator)- 23, 2. Green- crested Turaco (Tauraco persa)- 35] মোট ৫৮ (আটান্ন) পিস পোষা পাখি এন. ও. সি বর্হিভূত সনাক্ত হওয়ায় কাষ্টমস কর্তৃপক্ষ কাষ্টম আইন, ১৯৬৯ এর সেকশন ৩২ এবং ১৮০ লঙ্ঘন করায় ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অর্থদন্ড ও বিমোচন জরিমানা করা হয়।

গত ১১/১০/২০২১ইং তারিখে আফ্রিকা জু ইমপোর্ট-এক্সপোর্ট অথোরিটি ভুলবশতঃ এন.ও.সি বর্হিভূত ৫৮(আটান্ন) পিস পাখি পাঠানোর বিষয়টি ই-মেইল এর মাধ্যমে স্বীকার করে দুঃখ প্রকাশ করেছেন। এছাড়াও আপনি বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার কার্যালয়ে উক্ত ভুলের বিষয়ে দুঃখ প্রকাশ করে গত ২১/১০/২০২১ইং তারিখে আবেদন করেন এবং পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা ২০২০ এর বিষয়ে ফরম-এ (সাম্মাষিক হিসাব) এর তথ্য অত্র দপ্তরে নিয়মিত জমা প্রদান করেন।

এমতাবস্থায় অত্র বন বিভাগ হতে পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা- ২০২০ এর আলোকে প্রেরিত লাইসেন্স, পজেশন সার্টিফিকেট এবং এন.ও.সি বর্হিভূত কোন কার্যক্রম না করার জন্য সতর্ক করা হলো। ভবিষ্যতে এধরনের কার্যক্রম পুনরাবৃত্তি ঘটলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(কাজল তালুকদার)

বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

প্রাপকঃ- জনাব রুবেল রানা
গোল্ডেন কেইজ
পিতা- মোঃ জাহাঙ্গীর হাওলাদার
১৪/২ম রজনী চৌধুরী রোড
গেভারিয়া, ঢাকা- ১২০৪।

পত্র নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২১-৩৭২৮

তারিখঃ- ০৯/১২/২০২১ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হলো।

- ১। প্রধান বন সংরক্ষক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী ১১১-১১৩, মতিঝিল বণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
- ৪। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টমস্ হাউজ, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৭। সহকারী পরিচালক (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1 হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা।

(কাজল তালুকদার)

বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ

বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।